মেহেরপুরে মউকের আয়োজনে ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত

মেহেরপুরে উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও সুপারভাইজার দের সঙ্গে দিন ব্যাপী ইন্কুসিভ ও এক্সক্লুসিভ এডুকেশন বিষয়ে এক ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকাল দশটার দিকে মানব উন্নয়ন কেন্দ্র মউকের হলরুমে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ও গনসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউকের আয়োজন এ সভা অনুষ্ঠিত হয়।

মানব উন্নয়ন কেন্দ্র মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মো উবায়দুল্লাহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: মনিরুল ইসলাম , রিসোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন সিডিডিএর কো-অর্ডিনেটর মো: জাহাঙ্গীর আলম, মউকের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন, পোগ্রাম ম্যানেজার আবদুল করিম, শিরিন আকতার, আব্দুললাহ আল মামুন।

কর্মশালায় সবার জন্য মানসম্মত শিক্ষা, একীভূত শিক্ষা ও প্রতিবন্ধী শিশুর শিক্ষা অধিকার বিষয়ে আলোচনায় করা হয়। মেহেরপুর সদর উপজেলার উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ে ৭০ জন শিক্ষক শিক্ষিকা এ অনুষ্ঠানে অংশ গ্রহন করে।

অনুষ্ঠান টি পরিচালনা করেন ডিপিএম সাদ আহাম্মদ।

গাংনীতে মউকের বিরুদ্ধে সংবাদ

সম্মেলন

মেহেরপুর জেলার গাংনীতে মিথ্যা তথ্য দিয়ে সেকেন্ড চান্স এডুকেশন প্রকল্প নেয়ার প্রতিবাদে বেসরকারি সংস্থা মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছে গাংনী লোকাল এনজিও ফোরাম।

গতকাল রোববার বিকেলে গাংনী রুরাল ভিশন সংস্থার প্রশিক্ষণ কেন্দ্রে এ সংবাদ সম্মেলনের আয়োজন করে গাংনী লোকাল এনজিও ফোরাম।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন গাংনী লোকাল এনজিও ফোরামের আহবায়ক ও বামন্দী সমাজ কল্যাণ সংস্থার পরিচালক এবং গাংনী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এ্যাডভোকেট রাশেদুল হক জুয়েল।

এসময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা এনজিও সমন্বয় কমিটির সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ, রুরাল ভিশন সংস্থার পরিচালক আনোয়ারুল ইসলাম, শানঘাট পল্লী উন্নয়ন সংস্থার পরিচালক মহিবুল ইসলাম, এমআরএফ সংস্থার পরিচালক আব্দুল হালিম, ভিটাপাড়া নারী উন্নয়ন সংস্থার পরিচালক আসমা খাতুন, এআরসি সংস্থার পরিচালক এনামুল হক, দেশসেবা ফাউন্ডেশনের পরিচালক রাকিবুল হক রানা, স্কাই পল্লী উন্নয়ন সংস্থার পরিচালক কামাল হোসেন, আদর্শ মহিলা কল্যাণ সমিতির পরিচালক মনোয়ারা খাতুন।
আরও উপস্থিত ছিলেন বিভিন্ন মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

লিখিত বক্তব্যে এ্যাডভোকেট রাশেদুল হক জুয়েল বলেন, বাংলাদেশ সরকার দেশের অন্যান্য জেলার ন্যায় মেহেরপুর জেলার ৩টি উপজেলায় ঝরে পড়া শিশুদের হাতে-কলমে শিক্ষাদানের জন্য সেকেন্ড চান্স এডুকেশন নামে একটি প্রকল্প গ্রহণ করেছে। যেখানে একটি জেলায় কমপক্ষে ৩টি এনজিওকে সমন্বতিভাবে প্রকল্প বাস্তবায়নের জন্য বলা হয়েছে।
তথাপি মানব উন্নয়ন কেন্দ্র মউক তথ্য গোপন করে ও আর্থিক লেনদেন করে।

ফলে আর্থিক লেনদেনের মাধ্যমে মেহেরপুর জেলার জামায়াত-বিএনপি মনা মানব উন্নয়ন কেন্দ্র মউক (এজেন্ট) এনজিওকে প্রকল্প দিয়েছে। ঝরে পড়া শিশুদের জন্য কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা, সংস্থার আইসিটি

ল্যাব থাকার কথা থাকলেও মউকের তা আদৌ নাই। এমনকি মউক লোকবলের ভুয়া তথ্য দাখিল করেছে।

এছাড়াও সংস্থার ৪০ থেকে ৫০ লক্ষ টাকার ব্যাংক সনদ, সংস্থার গঠনতন্ত্রে ঝরে পড়া শিশু শিক্ষার অনুমোদিত সনদ না থাকলেও মিথ্যা তথ্য দেয়া হয়েছে। সংস্থার এইচআর পলিসি, আর্থিক, পলিসি এবং চাইল্ড প্রটেকশন পলিসি কোনটিই নাই। তবুও কর্তৃপক্ষ ভুয়া তথ্য গ্রহণপূর্বক সংস্থাকে নিয়ম বহির্ভূত ভাবে কোটি টাকার প্রকল্পে নিয়োগ দিয়েছে।

মউক ২০০৩ সালে ভোটার শিক্ষার নামে জামায়াত-বিএনপির নির্বাচনে সহযোগিতা করেছিল। ২০১০ সালে প্রতিবন্ধী, এতিম ও দুস্থদের কোরবানীর গোস্ত বিতরণের নামে মুসলিম এইড-এর কাছ থেকে ৩০ লক্ষ টাকা আত্মসাৎ করেছিল। ২০১২ সালে সরকারের সামাজিক বনায়নের গাছ কেটে পরিচালক জেল খেটেছিলেন।

এছাড়াও মউক এডাব নামের একটি প্রতিষ্ঠান থেকে ১০ লক্ষ টাকা ঋণ নিয়ে তা আত্মসাৎ করে। ২০০৭ সালে জামায়াতের রোকনদের দক্ষতা বৃদ্ধির নামে কর্মসূচি বাস্তবায়ন করেছিল। ২০০৬ সালে মেহেরপুর জেলার শিশু শিক্ষার্থীদের বৃত্তি দেয়ার নামে ব্যাংক ডাফট গ্রহণ করে ১০ লক্ষ টাকা আত্মসাৎ করে। যেখানে বিএনপি সরকারের ছত্রছায়ায় সম্ভব হয়েছে।

মেহেরপুরের আমঝুপিতে সবার জন্য পুষ্টিকর খাদ্য চাই বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

‘সাবার জন্য পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্য চাই’ এই প্রতিপাদ্য কে সামনে রেখে মেহেরপুরের আপঝুপিতে অনুষ্ঠিত হয়েছে এক মতবিনিময় সভা।

গতকাল শনিবার সকাল ১০ টার দিকে আমঝুপি মউকের হলরুমে এই সবা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ খাদ্য অধিকার মেহেরপুর জেলা কমিটি ও মানব উন্নয়ন কেন্দ্র মউকের যৌথ উদ্যোগে এ সভার আয়োজন করা হয়।

জেলা কমিটির সদস্য মোঃ আব্দুর রকিব এর সভাপতিত্বে সভায় দরিদ্র মানুষের খাদ্য ও পুষ্টির উপর কোভিড ১৯ এর প্রভাব শির্ষক জরিপের ফলাফল নিয়ে মতবিনিময় সভায় বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

সভায় উন্মেুক্ত আলোচনায় অংশগ্রহন করেন সমাজ সেবক আক্তার হোসেন, সাবেক ইউপি সদস্য শহিদুল্লাহ। সভায় মেহেরপুর জেলার বর্তমান করোনা পরিস্থিতি বিষয়ে বিষধ আলোচনা করা হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন মউকের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মোঃ আলোমগীর হোসেন।

মেহেরপুরে মউক এর ভ্রাম্যমাণ ইফতার বিতরণ

করোনা ভাইরাস প্রতিরোধে জনগণকে সচেতন করতে এবং সামাজিক দুরুত্ব বজায় রাখতে মানব উন্নয়ন কেন্দ্র মউক সংস্থার আয়োজনে শনিবার বিকাল সাড়ে ৫ টার দিকে মেহেরপুর শহীদ সামসুজ্জোহা পার্কে চত্তরে এক ব্যাতিক্রম ধর্মী ইফতার বিতরণের আয়োজন করে।

এলাকার পথচারী সহ সড়ক দিয়ে বিভিন্ন চলাচল রত পথচারী ও সুবিধা বঞ্চিত মানুষের মাঝে সামাজিক দুরুত্ব বজায় রেখে এ ইফতার বিতরণের ব্যবস্থা করা হয়।

এ সময়ে মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম, মেহেরপুর বড়বাজার ব্যবসায়ী কমিটির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম সহ মউক এর ভলান্টিয়ারগণ উপস্থিত ছিলেন।